# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬৫. তাহাজ্জুদ সালাতের উত্তম সময় কখন?

রাতের শেষ তৃতীয়াংশ হলো তাহাজ্জুদের জন্য উত্তম সময়। কেননা, রাতের শেষাংশে আল্লাহ তার বান্দার সবচেয়ে নিকটে চলে আসেন। অতএব, সে সময় যারা তাহাজ্জুদ পড়ে, দুআ করে ও তাওবা করে তোমরা তাদের দলভুক্ত হয়ে যাও (তিরমিযী: ৩৫৭৯)।
যদিও তাহাজ্জুদের সালাত এশার পর থেকে সুবহে সাদেকের পূর্ব পর্যন্ত আদায় করা যায়। তাছাড়া রাতের বেলায় এমন একটি সময় আছে যখন একজন মুসলিম বান্দা দুনিয়া ও আখেরাতের জন্য যা চায় তাই কবুল হয়ে যায়। (মুসলিম) আল্লাহর নবী দাউদ (আঃ) রাতের এক তৃতীয়াংশ সময় ধরে তাহাজ্জুদের সালাত আদায় করতেন। আর এটা ছিল আল্লাহর কাছে বড়ই পছন্দনীয়।(বুখারী: ১১৩১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন